গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.১৯৫.০৫.০০২.২২.৩ তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **'প্রশিক্ষক পুল গঠন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২২' এর আলোকে প্রশিক্ষক পুলে অর্ন্তভুক্তির জন্য আবেদন আহবান।**

'প্রশিক্ষক পুল গঠন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২২' অনুসরণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের জন্য যোগ্যতাসম্পন্ন প্রশিক্ষক তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী কর্মকর্তাগণের নিকট হতে বিগত ১৫ জানুয়ারি ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৯৫.০৫.০০২.২২.১ নম্বর বিজ্ঞপ্তির আলোকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন আহবান করা হয়। এর অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত যোগ্যতা ও শর্তসাপেক্ষে আবেদনের সময়সীমা আগামী ১০ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো:

যোগ্যতা ও শর্তসমূহ:

(ক) সরকারি চাকরিজীবিদের মধ্য হতে ৯ম গ্রেড থেকে ২য় গ্রেড পর্যন্ত কর্মকর্তা এবং এ সকল গ্রেডের আগ্রহী অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তাগণ প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন।

(খ) গ্রেড-১ এবং তদূর্ধ্ব পর্যায়ের বিশেষায়িত জ্ঞানসম্পন্ন স্বনামধন্য অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণের সম্মতি সাপেক্ষে তাঁদেরকেও প্রশিক্ষণ পুলে অন্তর্ভুক্ত করা হবে। এরূপ আগ্রহী অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ ই-মেইলে (cp4@mopa.gov.bd) দক্ষতার অধিক্ষেত্র/বিষয় উল্লেখপূর্বক তাঁদের সম্মতি জ্ঞাপন করতে পারবেন।

(গ) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুষদ সদস্যগণ যাঁরা ন্যূনতম তিন বছর প্রশিক্ষণ প্রদানের সঙ্গে সম্পৃক্ত তাঁরাও প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে পারবেন।

(ঘ) আবেদনকারীর ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি এবং নীতিমালায় বর্ণিত অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং এর সপক্ষে প্রমাণাদি সংযোজন করতে হবে।

(ঙ) আবেদনকারীগণের অভিজ্ঞতার ভিত্তিতে ক ও খ শ্রেণিতে প্রশিক্ষকের তালিকা প্রণয়ন করা হবে।

(চ) একজন কর্মকর্তা নীতিমালায় সংযোজনী-৪ এ বর্ণিত অধিক্ষেত্র ও বিষয়ের মধ্য হতে সর্বোচ্চ তিনটি বিষয়ে প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন। তালিকার বাইরে কোন অধিক্ষেত্র/বিষয়ে বিশেষায়িত জ্ঞান ও পারদর্শিতা থাকলে সে বিষয়টিকেও তিনি আবেদনের তিনটি অধিক্ষেত্র/বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবেন।

(ছ) কোনো কর্মকর্তার বিরুদ্ধে কোনো বিভাগীয় বা দুর্নীতির মামলা চালু থাকলে কিংবা কোনো কর্মকর্তা বিভাগীয় বা ফৌজদারি মামলায় দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন করতে পারবেন না।

(জ) বর্ণিত নীতিমালা ও আবেদনের ছক www.mopa.gov.bd (আইন/বিধি/বিজ্ঞপ্তি মেনু) ওয়েবসাইটে পাওয়া যাবে।

(ঝ) বর্ণিত সকল তথ্যাদি সন্নিবেশ করে স্বয়ংসম্পূর্ণ আবেদন আগামী ১০/০৩/২০২৩ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পৌঁছাতে হবে।

(ঞ) প্রাপ্ত আবেদনসমূহ যথাযথ বাছাই প্রক্রিয়া অনুসরণ করে চূড়ান্ত করা হবে।

৫-৩-২০২৩
সোনিয়া হাসান
উপসচিব
ফোন: 9546295
ইমেইল: cp4@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব/সচিব (সকল) (তাঁর আওতাধীন মন্ত্রনালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)

৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম (তাঁর আওতাধীন সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)

৫) জেলা প্রশাসক (সকল) (জেলা পর্যায়ের সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)

৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল) (উপজেলা পর্যায়ে সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)

৭) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
সংস্থাপন শাখা
www.bogra.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০০৭.২৬.১০৭.২৩.২১৬

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৯
০৬ মার্চ ২০২৩

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপি-৪ শাখার ০৫ মার্চ ২০২৩ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৯৫.০৫.০০২.২২.০৩ নম্বর পত্রে জারিকৃত'প্রশিক্ষক পুল গঠন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২২' এর আলোকে প্রশিক্ষক পুলে অন্তর্ভুক্তির জন্য আবেদন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি এ সাথে পৃষ্ঠাঙ্কন করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

৮-৩-২০২৩
দীনেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ফোন: ০২৫৮৯৯০০০২২
ইমেইল: dcbogra.adcg@gmail.com

১) কর কমিশনার, কর অঞ্চল, বগুড়া

২) পুলিশ সুপার, বগুড়া

৩) সিভিল সার্জন, বগুড়া
৪) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বগুড়া
৫) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, বগুড়া
৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া
৭) জোনাল সেটেলমেন্ট অফিসার, বগুড়া
৮) পরিচালক, নেকটার, বগুড়া
৯) জনাব মাসুম আলী বেগ(১৬৪৭৮)(উপসচিব), উপপরিচালক(ভারপ্রাপ্ত), স্থানীয় সরকার, বগুড়া
১০) জনাব উজ্জ্বল কুমার ঘোষ(১৬৪৩২)(উপসচিব), অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),বগুড়া
১১) অঃজেঃপ্রঃ(সাঃ/উন্নয়ন ও মাঃসঃ ব্যঃ)/অঃজেঃপ্রঃ(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অঃজেঃম্যাঃ/, বগুড়া
১২) উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), বগুড়া(উপজেলা পর্যায়ে সকল দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
১৩) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া
১৪) রেভিনিউ ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/ নেজারত ডেপুটি কালেক্টর/ জেনারেল সার্টিফিকেট অফিসার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
১৫) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বগুড়া
১৬) জেলা মৎস্য অফিসার, বগুড়া
১৭) সহকারী কমিশনার(ভূমি),.....(সকল), বগুড়া
১৮) ট্রেজারি অফিসার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
১৯) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া(জেলা তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ)
২০) সহকারী কমিশনার(গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১) সহকারী কমিশনার,.....শাখা,জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
২২) সিনিয়র তথ্য অফিসার, বগুড়া
২৩) নির্বাহী প্রকৌশলী,....., বগুড়া
২৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া
২৫) জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া
২৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বগুড়া
২৭) জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, বগুড়া
২৮)
....., বগুড়া